



আগামী নির্বাচনে আওয়ামী লীগের অংশগ্রহণ হবে না: প্রেস সচিব



সংগৃহীত ছবি

আগামী নির্বাচনে আওয়ামী লীগ অংশ নিতে পারবে না বলে জানিয়েছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। শুক্রবার (২৪ অক্টোবর) সকালে মাগুরার নবভঙ্গা পার্কে জুলাই আন্দোলনে শহীদদের স্মৃতিস্তম্ভ পরিদর্শনের সময় সাংবাদিকদের সঙ্গে কথা বলেন তিনি।

প্রেস সচিবের দাবি, ফেব্রুয়ারিতে নির্বাচনের বিষয়ে সব রাজনৈতিক দল ঐক্যমত পোষণ করেছে এবং এই নির্বাচনে সরকারের ওপর কোনো ধরনের চাপ নেই। তিনি আরও যোগ করেন, জাতির ইতিহাসে এবার সবচেয়ে সুন্দর নির্বাচন অনুষ্ঠিত হবে।

এছাড়া, আরপিওতে 'না' ভোটের বিধান সংক্রান্ত সিদ্ধান্তের প্রসঙ্গে তিনি বলেন, কোনো প্রার্থী থাকলে জনগণ তার বিপরীতে 'না' ভোট দিয়ে তাকে প্রত্যাখ্যান করার সুযোগ পাবেন।

LENS ASIA